দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 0 MAR 1984
পৃষ্ঠা ... ১ কলাম ৭

২৫

১

## ৫ই এপ্রিল শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসম্মেলন

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ গতকাল (বৃহস্পতিবার) সন্ধ্যায় প্রেসিডেন্টের

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মহাসম্মেলন

(১ম পৃঃ পর)

সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের সাথে সাক্ষাৎ করেন। উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ এবং শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ ফেডারেশনের চেয়ারম্যান। বৈঠকে প্রেসিডেন্ট বলেন যে, শিক্ষকদের সমস্যা সম্পর্কে তিনি সচেতন। সরকারের দায়িত্ব নেওয়ার পর হইতে তিনি শিক্ষকদের সমস্যা সমাধানের সর্বাত্মক চেষ্টা চালাইয়াছেন। তিনি বলেন, তিনি সংগঠনের দায়িত্ব নিয়াছেন, কারণ তিনি শিক্ষকদের মর্যাদার সর্বোচ্চ আসনে দেখিতে চান। প্রেসিডেন্ট বলেন, বার বার বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের কারণে সম্পদের ঘাটতি সত্ত্বেও শিক্ষকদের অবস্থা উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রহিয়াছে। প্রেসিডেন্ট ব্যাপক অনুষ্ঠানসূচীর কারণে ১২ই মার্চের পরিবর্তে ৫ই এপ্রিল ফেডারেশনের মহাসম্মেলন অনুষ্ঠানের প্রস্তাব দেন। ফেডারেশনের নেতৃবৃন্দ প্রেসিডেন্টের প্রস্তাবের সাথে একমত হন। ফেডারেশনের নেতৃবৃন্দের মধ্যে এ কে এম আলী রেজা, শেখ আমানুল্লাহ, এ কে এম শহীদুল্লাহ, মোঃ সাইদুর রহমান, মওলানা খোন্দকার নাসিরুদ্দিন, অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন খান, আজিজুল হক শাহ, আলী আকবর খান, বেগম রওশন আরা, অধ্যক্ষ জাহানারা বেগম ও মহিউদ্দিন আহমদ উপস্থিত ছিলেন।